



রুয়েট হতে বিএসসি ইঞ্জিনিয়ারিং ইন সিভিল ডিগ্রী গ্রহণ করে রকিবুল ইসলাম তালুকদার স্থানীয় সরকার মন্ত্রণালয়ের একটি প্রকল্পে সহকারী প্রকৌশলী হিসেবে ১৯৯৩ সালে কর্মজীবন শুরু করেন। পরবর্তীতে সহকারী প্রকৌশলী হিসেবে ১৯৯৬ সালে অত্র সংস্থায় যোগদান করেন। কর্তৃপক্ষের প্রকৌশল বিভাগের বিভিন্ন গুরুত্বপূর্ণ ডিভিশন / সার্কেলে কর্মরত থেকে বর্তমানে ড্রেজিং বিভাগের প্রধান প্রকৌশলী হিসেবে কর্মরত আছেন। ড্রেজিং বিভাগের প্রধান প্রকৌশলীর পাশাপাশি অতিরিক্ত দায়িত্ব হিসেবে আইসিটি বিভাগের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন। ২০০৯-২০১০ সালে তিনি ব্যবসায় প্রশাসনে মাস্টার্স ডিগ্রি অর্জন করেন। তিনি অত্র কর্তৃপক্ষের ইনোভেশন কমিটির আহ্বায়ক হিসেবেও দায়িত্ব পালন করে আসছেন। রকিবুল ইসলাম তালুকদার বিবাহিত জীবনে দুই সন্তানের জনক। অবসর সময়ে বিভিন্ন সামাজিক কর্মকাণ্ডে নিজেকে জড়িত রাখতে পছন্দ করেন।